



মাদরাসা পরিদর্শন দফতর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iauins13@gmail.com

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৬/ ৮১২৬

তারিখ: ৩০ মার্চ, ১৪২৬ বঙ্গাব্দ
১৩ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

পিলকুঞ্জ শাহ সুলতান দ্বি-মুখী ফাজিল মাদরাসা, ডাকঘর: তিনদিঘী, উপজেলা: কাহালু, জেলা: বগুড়া-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ১৯.০৩.২০১৯ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০১৯ খ্রি. থেকে ৩০.০৬.২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

শর্তসমূহ :

- ১। সহকারী মৌলভী এর শূন্যপদ পূরণ করতে হবে।
- ২। সকল শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে: উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- ৩। নামজারীর অবশিষ্ট ২.৫১ একর জমির নামজারী করতে: হালনাগাদ খাজনা পরিশোধ করতে হবে।
- ৪। ব্যাংক রেজিস্ট্রারের মাধ্যমে সকল আর্থিক লেনদেন ব্যাংকের মাধ্যমে করতে হবে।
- ৫। শিক্ষার্থীদের আইসিটি ক্লাস নিশ্চিত করতে হবে।
- ৬। ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়সহ সংশ্লিষ্ট দপ্তরের নোটিশগুলো মাদরাসার নোটিশ বোর্ডে লাগাতে হবে।
- ৭। শ্রেণিকক্ষে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় সম্পর্কে শিক্ষার্থীদের ধারণা প্রদান করতে হবে।
- ৮। শিক্ষাসহায়ক কার্যক্রম যেমন-দেয়ালিকা, বিতর্ক, খেলাধুলা, হামদ-নাত ইত্যাদি আয়োজন ও শিক্ষার্থীদের নিয়মিত অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
- ৯। বাংলা ভাষার পাশাপাশি আরবি ভাষার দক্ষতা অর্জনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ১০। গ্রন্থাগারটি নতুন ভবনে স্থানান্তরের পর পরিষ্কার পরিচ্ছন্ন করে যুগোপযোগী ও রেফারেন্স গ্রন্থ দ্বারা সমৃদ্ধ করে শিক্ষার্থীদের নিয়মিত ব্যবহার নিশ্চিত করতে হবে।
- ১১। অভ্যন্তরীণ ক্রয় কমিটি ও নীরিক্ষা কমিটি গঠনপূর্বক যাবতীয় ক্রয় ও নীরিক্ষা সম্পন্ন করতে হবে।
- ১২। মাদরাসার সাইবোর্ডে আরবিতে মাদরাসার নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত” কথাটি লিখতে হবে।
- ১৩। অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

13.02.2020

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

পিলকুঞ্জ শাহ সুলতান দ্বি-মুখী ফাজিল মাদরাসা

ডাকঘর: তিনদিঘী, উপজেলা: কাহালু, জেলা: বগুড়া।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৬/ ৮১২৬

তারিখ: ৩০ মার্চ, ১৪২৬ বঙ্গাব্দ
১৩ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। সভাপতি, পিলকুঞ্জ শাহ সুলতান দ্বি-মুখী ফাজিল মাদরাসা, ডাকঘর: তিনদিঘী, উপজেলা: কাহালু, জেলা: বগুড়া।
- ৭। অফিস নথি।

(মুহাম্মদ মাহফিজুর রহমান)

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৬৩৩-১৩৮২৭৩